

### জলাশয়ের অস্থায়ী লাইসেন্স প্রদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট বিভাগের আওতাধীন এবং বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন বিভিন্ন জলাশয় বাংলা ১৪৩১-১৪৩৩ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রকাশ্য নিলাম (০.৫০ একর পর্যন্ত জলাশয়) এবং উন্মুক্ত দরপত্রের মাধ্যমে (০.৫০ একরের উর্ধ্বের জলাশয়) অস্থায়ী লাইসেন্স প্রদান করা হবে। প্রকাশ্য নিলামের জন্য জলাশয়ের তথ্য এবং নিলামের সময়সূচি অফিস চলাকালীন নিম্নোক্ত দপ্তর, কাচারী অফিস, সংশ্লিষ্ট রেলওয়ে স্টেশন এবং ওয়েবসাইট হতে হতে জানা যাবে। উন্মুক্ত দরপত্রের সিডিউল নিম্নোক্ত সময়সূচি মোতাবেক বিক্রয়, গ্রহণ এবং খোলা হবে।

| পর্যায় | দরপত্র বিক্রয় শুরু | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র গ্রহণের তারিখ ও সময়               | দরপত্র খোলার তারিখ                | সিডিউল বিক্রয় এবং জমাদানের স্থান   |
|---------|---------------------|----------------------------|---|-----------------------------------|---|
| ১       | ২                   | ৩                          | ৪   | ৫                                 | ৬   |
| ১ম      | ২৭.০২.২০২৪ খ্রিঃ    | ২০.০৩.২০২৪ খ্রিঃ           | ২১.০৩.২০২৪ খ্রিঃ<br>বেলা ০১:০০ টা পর্যন্ত | ২৫.০৩.২০২৪ খ্রিঃ<br>বেলা ১১:০০ টা | ক। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তার কার্যালয় (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী<br>খ। বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তার কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট/পাকশী। |
| ২য়     | ২৭.০৩.২০২৪ খ্রিঃ    | ১৭.০৪.২০২৪ খ্রিঃ           | ১৮.০৪.২০২৪ খ্রিঃ<br>বেলা ০১:০০ টা পর্যন্ত | ২২.০৪.২০২৪ খ্রিঃ<br>বেলা ১১:০০ টা |   |
| ৩য়     | ২৪.০৪.২০২৪ খ্রিঃ    | ০৯.০৫.২০২৪ খ্রিঃ           | ১২.০৫.২০২৪ খ্রিঃ<br>বেলা ০১:০০ টা পর্যন্ত | ১৪.০৫.২০২৪ খ্রিঃ<br>বেলা ১১:০০ টা |   |
| ৪র্থ    | ১৬.০৫.২০২৪ খ্রিঃ    | ০২.০৬.২০২৪ খ্রিঃ           | ০৩.০৬.২০২৪ খ্রিঃ<br>বেলা ০১:০০ টা পর্যন্ত | ০৬.০৬.২০২৪ খ্রিঃ<br>বেলা ১১:০০ টা |   |


০২। নিলাম সংক্রান্ত শর্তাবলি এবং দরপত্র সিডিউলে বর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে। কোন জলাশয়ের নিলাম ডাক বাতিল হলে/নিলামে অংশগ্রহণকারী পাওয়া না গেলে/কোন জলাশয় নিলামে অন্তর্ভুক্ত না হলে পরবর্তী পর্যায়ের নিলামে উক্ত জলাশয় অন্তর্ভুক্ত হবে।

০৩। প্রকাশ্য নিলামে অংশগ্রহণের পূর্বে প্রতিটি জলাশয়ের সরকারি মূল্যের ২৫% অর্থ জামানত (ফেরতযোগ্য) হিসেবে প্রদান করতে হবে। সর্বোচ্চ ডাককারী সরকারি পাওনাদি যথাসময়ে পরিশোধ না করলে এ জামানত বাজেয়াপ্ত হবে।

০৪। দরপত্র সংক্রান্ত তথ্যাদি অফিস চলাকালীন উল্লিখিত দপ্তর হতে সংগ্রহ করা যাবে। যে সকল জলাশয়ের দরপত্র গৃহীত হবে সে সকল জলাশয়ের দরপত্র পরবর্তী পর্যায়ে বিক্রয় করা হবে না। কোন জলাশয়ের দরপত্র বাতিল হলে/কোন জলাশয়ের সিডিউল অবিক্রিত থাকলে/কোন জলাশয় তালিকায় নতুনভাবে সংযোজিত হলে উক্ত জলাশয়ের দরপত্র সিডিউল পরবর্তী পর্যায়ে বিক্রয় করা হবে। প্রতিটি জলাশয়ের বিপরীতে পৃথক পৃথক দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। দরপত্রের সাথে জলাশয়ের উদ্বৃত্ত দরের ২৫% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে জামানত (ফেরতযোগ্য) হিসেবে প্রদান করতে হবে। সর্বোচ্চ দরদাতা যথাসময়ে সরকারি পাওনাদি পরিশোধ না করলে এ জামানত বাজেয়াপ্ত হবে।


০৫। দরপত্র খোলার সময় দরদাতা/দরদাতার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন। রেলভূমির খেলাপী লাইসেন্স গ্রহীতা নিলাম এবং টেন্ডার কার্যক্রমে অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন। নিলাম এবং দরপত্রের ক্ষেত্রে নির্ধারিত সরকারি দরের চেয়ে কম নিলাম ডাক/উদ্বৃত্ত দর বাতিল বলে গণ্য হবে।

০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন নিলাম এবং দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অস্থায়ী লাইসেন্স প্রদান কার্যক্রম চলাকালে জলাশয়ের সরকারি দর, লাইসেন্সের সময়সীমা এবং বিদ্যমান নীতিমালা পরিবর্তিত হলে সংশ্লিষ্ট সকল বিষয় পরিবর্তিত নীতিমালা অনুযায়ী প্রযোজ্য হবে।



(পূর্ণেন্দু দেব)

ডিভিশনাল এজেন্ট অফিসার  
বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট।

  
০৬.০২.২০২৪